

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
পুরাতন বিমান বন্দর ভবন
তেজগাঁও, ঢাকা-১২১৫।


নং- ৮০.২০০.০৫০.০০.০১.০১৬.২০১০ (অংশ-১)/৪৪০

তারিখ : ০১-০৮-২০১০ খ্রিঃ।

বিজ্ঞপ্তি

বিষয় : ৩০ তম বিসিএস এর প্রিলিমিনারী টেস্টের প্রশ্নপত্রের একটি সাব-সেটে মুদ্রণ বিভ্রাট প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৩০ তম বিসিএস এর প্রিলিমিনারী টেস্টে প্রশ্নপত্রের একটি সাব-সেটে মুদ্রণ বিভ্রাট জনিত সমস্যার প্রতি কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। কমিশন কর্তৃক গৃহীত এধরনের পরীক্ষায় বহু কোড বা সেট প্রশ্ন প্রণীত হয়ে থাকে, প্রতি কোড বা সেটের কয়েকটি সাব সেট থাকে। উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানের লক্ষ্যপ্রতিষ্ঠ শিক্ষকগণ বা বিষয়ভিত্তিক জাতীয় পর্যায়ের বিশেষজ্ঞবৃন্দ প্রশ্নকারক এবং মডারেটর হিসেবে দায়িত্ব পালন করেন। পরীক্ষা শুরু হওয়ার পূর্ব মুহূর্ত পর্যন্ত ব্যবহৃতব্য প্রশ্ন সম্পর্কে কমিশনের জানার কোন সুযোগ থাকে না। প্রণয়নকৃত বহু সেট হতে প্রশ্নের ক্রমিক নম্বর পূর্ণবিন্যাস করে বিজি প্রেস প্রতিটি সেটের জন্য একাধিক সাব-সেট প্রশ্ন তৈরী করে থাকে। পরীক্ষা শুরু হওয়ার ২৫ (পঁচিশ) মিনিট আগে লটারীর মাধ্যমে কমিশন কর্তৃক পরীক্ষায় ব্যবহৃতব্য সেট নির্ধারণ করা হয়। কমিশন কর্তৃক নির্ধারিত উক্ত সেট/কোডের বিভিন্ন সাব-সেট পরীক্ষা হলে প্রার্থীদের মধ্যে বিতরণ করা হয়। পরিদৃষ্ট হয়েছে যে, ৩০ তম বিসিএস পরীক্ষার জন্য নির্বাচিত সেটের সাব সেট-২ এর ক্ষেত্রে মুদ্রণের সময় ইংরেজী অংশের কয়েকটি প্রশ্নে সংশ্লিষ্ট প্রশ্নগুলো উত্তরের উপরে স্থাপিত না করে মাঝে বা নিম্নে স্থাপিত হয়েছে। প্রিলিমিনারী নৈব্যৃতিক পরীক্ষায় এ ধরনের ত্রুটি বিচ্যুতি জনিত সমস্যা মাঝে মধ্যে ঘটে থাকে যা কমিশন এমন ভাবে নিষ্পত্তি করে যাতে পরীক্ষার্থীরা কোন ভাবেই ক্ষতিগ্রস্ত না হয়। এক্ষেত্রেও সংশ্লিষ্টদের সাথে আলোচনা এবং পরীক্ষা নিরীক্ষা করে অত্যন্ত সতর্কতার সঙ্গে পরীক্ষার্থীদের স্বার্থ সংরক্ষণ করে কমিশন যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। সেট-২ ব্যবহারকারী প্রার্থীরা যাতে কোনভাবেই ক্ষতিগ্রস্ত না হয় সেদিকে কমিশন সজাগ দৃষ্টি রাখবে।



(আ.ই.ম.নেহার উদ্দিন)

পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)।